


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯-০৬


তারিখ: ১৯ পৌষ ১৪২৭
০৩ জানুয়ারি ২০২১

বিষয়: গার্ড-ওয়াল নির্মাণ করে মো. আমীর চৌধুরী সড়কটি মেরামত সংক্রান্ত।

সূত্র: জনাব সাইফুল ইসলাম চৌধুরী, সহযোগী অধ্যাপক, ইংরেজি আধুনিক ভাষা ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব সাইফুল ইসলাম চৌধুরী, সহযোগী অধ্যাপক, ইংরেজি আধুনিক ভাষা ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম হতে প্রাপ্ত আবেদনপত্রটি এ সাথে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত গার্ড-ওয়াল নির্মাণ করে মো. আমীর চৌধুরী সড়কটি মেরামত বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


(মোহাম্মদ তানভীর অর্জিম ছিদ্দিকী)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব সাইফুল ইসলাম চৌধুরী, সহযোগী অধ্যাপক, ইংরেজি আধুনিক ভাষা ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ: ২৭/১০/২০২০ খ্রিষ্টাব্দ

বরাবর,
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : গার্ড-ওয়াল নির্মাণ করে মো. আমীর চৌধুরী সড়কটি মেরামতের আবেদন।


মহোদয়,

চট্টগ্রাম জেলার অন্তর্গত বাঁশখালী উপজেলার কাথারিয়া ইউনিয়নের পূর্ব মানিক পাঠান গ্রামের মো.আমীর চৌধুরী সড়কটি বহু বছর ধরে সংস্কারের অভাবে প্রায় চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। বিশেষ করে পানি চলাচলের ছড়া সংলগ্ন প্রায় ২০০ ফুট রাস্তার বৃহদাংশ এবং মসজিদ-পুকুর সংলগ্ন প্রায় ২১০ ফুট রাস্তার অনেকাংশ ইতোমধ্যে পুকুরে ও ছড়ায় বিলীন হয়ে গিয়েছে। ফলে পথচারীদের এ রাস্তা দিয়ে চলাচল করা অত্যন্ত বিপদজনক ও ঝুঁকিপূর্ণ। বিশেষ করে বয়োবৃদ্ধ লোকজনের মসজিদে যাতায়াত এবং অসুস্থ রোগীদের এ্যাম্বুলেন্সে বা অন্যান্য যানবাহনে হাসপাতালে আনা-নেয়া করা খুবই বিপদজনক ও ঝুঁকিপূর্ণ। তা'ছাড়া স্কুলগামী শিশুরা জীবনের ঝুঁকি নিয়ে এ পথ ধরে নিয়মিত স্কুলে যাতায়াত করে।


উপরোক্ত সমস্যাটি বিবেচনা করে শত বছরের পুরানো এ রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বিশেষ করে রাস্তাটি পানি চলাচলের ছড়া সংলগ্ন এবং পুকুর সংলগ্ন হওয়ায় রাস্তার পাশে গার্ড-ওয়াল নির্মাণ করে সংস্কার করা না হলে রাস্তাটি মেরামতের অল্প কিছুদিন পরেই পূরণায় ভেঙ্গে ছড়ায় এবং পুকুরে তলিয়ে যাবে।

অতএব, মহোদয়, সম্পূর্ণ জনস্বার্থে অত্যন্ত জরুরী ভিত্তিতে গার্ড-ওয়াল নির্মাণ করে মো. আমীর চৌধুরী সড়কটি সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য আপনাকে সর্বিনয় অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম চৌধুরী)
সহযোগী অধ্যাপক, ইংরেজি
আধুনিক ভাষা ইনস্টিটিউট
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
০১৮১৯ ৩৯৫৫০৭
(এলাকাবাসীর পক্ষে)

ডাইরী নং- ৫০
তারিখ: ৩১/১০/২০২০

উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

কাজের বিবরণ:

রাস্তা (সি. সি. ঢালাই)

ক) ২০০' X ১৫'

খ) ৮০০' X ১০'

গার্ড-ওয়াল (আর. সি. সি.)

ক) রাস্তা সংলগ্ন ছড়ার পাশে গার্ড-ওয়াল নির্মাণ

দৈর্ঘ্য ২০০' উচ্চতা ০৮'

খ) রাস্তা সংলগ্ন মসজিদ-পুকুরের পাশে গার্ড-ওয়াল নির্মাণ

দৈর্ঘ্য ২১০' উচ্চতা ০৯'

গ) রাস্তা সংলগ্ন স্কুল-পুকুরের পাশে গার্ড-ওয়াল নির্মাণ

দৈর্ঘ্য ৭৫' উচ্চতা ০৯'